গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়

বান্দরবান পার্বত্য জেলা পরিষদ

বান্দরবান
ফোন : + ৮৮০২৩৩৩৩০২১৬১ (অফিস), www.bhdc.gov.bd, bhdcbd@gmail.com



স্মারক নং-২৯.৩৫.০৩০০.০০৩.১১.১৪০.২৩.৯৬৬৪

তারিখ : ২৭ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ
১২ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, পরিষদ-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ১৫ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ/ ৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখের ২৯.০০.০০০০.০০০.২১৪.৯৯.০০০১.২০.৩৭ এবং কৃষি মন্ত্রণালয়, গবেষণা-২ অধিশাখা এর ৩১ ভাদ্র ১৪৩৩/ ১৫ সেপ্টেম্বর ২০২৬ তারিখের ১২.০০.০০০০.০০০.০৬৪.১১.০০২.১৬.২৭০ স্মারকমূলে প্রদত্ত ছাড়পত্রের প্রেক্ষিতে বান্দরবান পার্বত্য জেলা পরিষদে ন্যস্ত তুলা উন্নয়ন বোর্ড, বান্দরবান জোন, বান্দরবানের জন্য নিম্নোক্ত শূন্যপদে জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিক ও বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তানুযায়ী অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রম	পদের নাম	পদের সংখ্যা	বেতন গ্রেড ও স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০২৬ অনুযায়ী)	বয়সসীমা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	ষ্টোর-কাম-ফিল্ডম্যান	০৫টি	গ্রেড: ১১তম (২৫,০০০-৬০,৫০০)	১৮-৩২ বছর	বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের আওতাধীন কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে কৃষি বিষয়ে অন্যূন ২য় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ ৪ (চার) বৎসর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রি।
০২	গুদাম রক্ষক	০১টি	গ্রেড: ১৬তম (২১,৯০০-৫২,৯০০)	১৮-৩২ বছর	কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন ২য় বিভাগ বা সমমানের জিপিএসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
০৩	অফিস সহায়ক	০১টি	গ্রেড: ২০তম (২০,০০০-৪৮,৪০০)	১৮-৩২ বছর	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

শর্তাবলী:-

১। বান্দরবান পার্বত্য জেলা পরিষদ ওয়েবসাইট: **www.bhdc.gov.bd**-তে প্রবেশ করে অভ্যন্তরীণ ই-সেবায়" **অনলাইন চাকরি আবেদন**" অপশনে অথবা **https://recruiting.esheba-bhdc.org** প্রবেশ করে online এর মাধ্যমে চেয়ারম্যান, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ বরাবর আগামী ২২/১২/২০২৬খ্রি. রাত ১২.০০ টার মধ্যে আবেদন দাখিল করতে হবে। অনলাইন আবেদন দাখিল শুরুর তারিখ ২২/১১/২০২৬খ্রি.। অনলাইন ব্যতীত লিখিত আবেদন পত্র গ্রহণ করা হবে না।

১.১। অনলাইন আবেদনের ক্ষেত্রে প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজে রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০) pixel /5×5 সেঃমিঃ এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০) pixel করে নির্ধারিত স্থানে আপলোড করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ kb ও স্বাক্ষরের সাইজ ৬০ kb এর মধ্যে হতে হবে।

১.২। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করার পর প্রার্থী একটি Application ID -সহ ছবি ও স্বাক্ষরযুক্ত একটি Applicant Copy ডাউনলোড ও প্রিন্ট করে সংরক্ষণ করবেন।

১.৩। আবেদন Submit করার ৭২ ঘন্টার মধ্যে অনলাইনে আবেদনকারী প্রার্থীদের ০১ নং ক্রমিকের পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা ও সার্ভিস চার্জ ১৮/- (আটারো) টাকাসহ মোট ১৬৮/- (একশত আটষট্টি) টাকা; ০২ নং ক্রমিকের পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও সার্ভিস চার্জ বাবদ ১২/- (বার) টাকাসহ মোট ১১২/- (একশত বারো) টাকা; ০৩ নং ক্রমিকের পদের জন্য পরীক্ষা ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপান্ন) টাকা এবং অনগ্রসর নাগরিক (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের) প্রার্থীগণ সকল গ্রেডের জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকাসহ মোট ৫৬/- (ছাপান্ন) টাকা (অফেরৎযোগ্য) নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী বিকাশ এর মাধ্যমে জমা দিতে হবে। যথাযথ নিয়মে পরীক্ষার ফি জমা দেয়া না হলে কোন অবস্থাতেই আবেদনপত্র গৃহীত হবে না। NID ও Mobile number দিয়ে প্রার্থী নিজস্ব তথ্য উক্ত ওয়েবসাইট লিংক থেকে আবেদনের পর পুনরুদ্ধার করতে পারবে।

১.৪। বিকাশের মাধ্যমে আবেদন ফি প্রদানের প্রক্রিয়া:

১ম ধাপ: **www.bhdc.gov.bd**-তে প্রবেশ করে অভ্যন্তরীণ ই-সেবায় " **অনলাইন চাকরি আবেদন** " অপশনে অথবা **https://recruiting.esheba-bhdc.org** প্রবেশ করে পেইজের ফি পেমেন্ট অপশনে গিয়ে আপনার আবেদন নম্বর দিয়ে সাবমিট বাটনে ক্লিক করুন।

২য় ধাপ: মোবাইল (বিকাশ) নম্বর দিন।

৩য় ধাপ: মোবাইল (বিকাশ) নম্বরে প্রাপ্ত ভেরিফিকেশন নম্বর দিন।

৪র্থ ধাপ: আপনার বিকাশ পিন দিন এবং কনফার্ম করুন।

বিকাশ থেকে প্রাপ্ত SMS টি অবশ্যই সংরক্ষণ করতে হবে।

০২। শুধুমাত্র বান্দরবান পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন।

চলমান পাতা - ০১

১৩। প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা, তুলা উন্নয়ন বোর্ড, বান্দরবান জোন
১৪। নির্বাহী কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
১৫। .....
১৬। উপজেলা নির্বাহী অফিসার, বান্দরবান সদর/রোয়াংছড়ি/রুমা/থানচি/লামা/আলীকদম/নাইক্ষ্যংছড়ি উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা
১৭। প্রশাসক, বান্দরবান পৌরসভা/ লামা পৌরসভা, বান্দরবান পার্বত্য জেলা
১৮। হিসাব ও নিরীক্ষা কর্মকর্তা/ প্রশাসনিক কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
১৯। জনসংযোগ কর্মকর্তা, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ। (নিয়োগ বিজ্ঞপ্তিটি পরিষদের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
২০। সম্পাদক/জেলা প্রতিনিধি, ... বিজ্ঞপ্তির অনুলিপি অংশবাদে আগামী ০৩ (তিন) দিনের মধ্যে বিজ্ঞপ্তিটি একটি সংখ্যায় প্রকাশ পূর্বক প্রকাশিত সংখ্যার ০২(দুই) টি কপি এবং বিল এ কার্যালয়ে প্রেরণ করার অনুরোধসহ)। (৩ কলামে ১০ ইঞ্চি সাইজে)
২১। অফিস কপি/ নোটিশ বোর্ড, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ

প্রধান তুলা উন্নয়ন কর্মকর্তা
তুলা উন্নয়ন বোর্ড, বান্দরবান জোন
ও
সদস্য সচিব
৩য় ও ৪র্থ শ্রেণি (১১-২০তম গ্রেডভুক্ত) কর্মচারী নিয়োগ কমিটি
তুলা উন্নয়ন বোর্ড, বান্দরবান পার্বত্য জেলা

বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দবরান এর ওয়েবসাইট প্রবেশ এর QR Code

বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান এর অনলাইন আবেদন পোর্টালের QR Code